# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায় - অযৌক্তিকতা ও অশালীনতা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৮. ১. ২১. ৪. ঈশ্বরের পেয় নৈবেদ্য হিসেবে মদ কোরবানি

ঈশ্বরের প্রিয় বান্দারা নিজেরাই শুধু মদ পান করবেন তা-ই নয়; তাঁরা ঈশ্বরের জন্যও মদ কোরবানি করবেন। পেয় নৈবেদ্য বা পানীয় কোরবানি (drink offering) হিসেবে প্রতিদিন নিয়মিত দু' বেলা মদ কোরবানি করা জরুরি। কি. মো.-২০০৬ একে 'ঢালন কোরবানী' এবং কি. মো.-২০১৩ একে 'পেয় নৈবদ্য' ও 'পেয় উৎসর্গ' অনুবাদ করেছে। এ বিষয়ক একটা নির্দেশ: "এর পর থেকে সেই কোরবানগাহের উপর প্রত্যেক দিন নিয়মিতভাবে দু'টা করে ভেড়ার বাচ্চা কোরবানী দিতে হবে।... এছাড়া ঢালন-কোরবানী (drink offering: পেয় নৈবেদ্য) হিসাবে প্রায় এক লিটার মদও (wine: আঙ্গুর-রস!!) কোরবানী করতে হবে। সন্ধ্যাবেলায় যে ভেড়াটা কোরবানী দেওয়া হবে তার সংগে সকালবেলার মত সেই একই রকমের শস্য-কোরবানী ও ঢালন-কোরবানী (পানীয় কোরবানী) করতে হবে।" (হিজরত/ যাত্রাপুস্তক ২৯/৩৮-৪১)

বাইবেলের বিভিন্ন স্থানে পেয় নৈবেদ্য হিসেবে এভাবে ঈশ্বরের জন্য মদ (wine) বা সুরা (strong wine) প্রদানের কথা বলা হয়েছে। (লেবীয় ২৩/১৩; গণনা ১৫/৫; ১৫/৭; ১৫/১০; ২৮/৭; ২৮/১৪) পুরোহিতরা (ইমামগণ) ঈশ্বরের এ নৈবেদ্যের অংশীদার: "বনি-ইসরাইলরা তাদের প্রথমে তোলা ফসলের সবচেয়ে ভাল যে জলপাই তেল, সবচেয়ে ভাল যে মদ (all the best of the wine) ও শস্য মাবুদকে দেবে তা সবই আমি তোমাদের দিলাম।" (শুমারী ১৮/১২)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14479

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন